# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়,ঢাকা।
### ঋণ আদায় বিভাগ

ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০১/২০২৫ তারিখঃ ০৩ জুন ২০২৫

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর ২৯/০৩/২০০৬ তারিখের পত্র নং ২০৭; ১৩/১১/২০০৬ তারিখের পত্র নং ৩৬২ ও ১২/০২/২০০৮ তারিখের পত্র নং ৬৭ এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২১/০৪/২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৬; ২৪/০৫/২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১৮ ও ১৬/১১/২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং ৪৬ অনুসরণ করে প্রস্তুতকৃত ব্যাংকের নিজস্ব সুদ মওকুফ নীতিমালা ২৭ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৭৭তম সভার অনুমোদনক্রমে জারি করা হলো।

**১। সুদ মওকুফ প্রস্তাব বিবেচনায় মৌলিক শর্তাবলীঃ**

১.১) কোন ঋণের আসল, আরোপিত ও অনারোপিত আইন খরচ এবং অন্যান্য খরচ (ভ্যাট, আবগারী শুল্ক, বীমা খরচ, গুদাম ভাড়া ইত্যাদি) মওকুফ করা যাবে না;

১.২) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণ এবং ইচ্ছাকৃত খেলাপি ঋণের সুদ মওকুফ করা যাবে না;

১.৩) ব্যাংকের আয় খাত বিকলন করে সুদ মওকুফ করা যাবে না;

১.৪) ঋণের শ্রেণিমানের শর্তাদিঃ-

**ক) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে তদপূর্ববর্তী অর্থবছরের ৩০ জুন সমাপনীতে ঋণটি মন্দ ও ক্ষতি(B/L) মানে শ্রেণিকৃত হতে হবে;**

**খ) ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে মূল ঋণ সম্বলিত ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে তদপূর্ববর্তী অর্থবছরের ৩০ জুন সমাপনীসহ একাদিক্রমে ৩ টি জুন সমাপনীতে মন্দ ও ক্ষতি (B/L) মানে শ্রেণিকৃত হতে হবে;**

১.৫) সুদ মওকুফের ক্ষেত্রে তহবিল ব্যয় (Cost of Fund) আদায় নিশ্চিত করতে হবে। তবে, নিম্নোক্ত ক্ষেত্রে তহবিল ব্যয় (Cost of Fund) আদায় সংক্রান্ত শর্ত শিথিল করা যেতে পারেঃ

ক) বিক্রিত ও ০৩(তিন) বছর যাবৎ বন্ধ রয়েছে এরূপ প্রকল্প/প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং অবলোপনকৃত প্রকল্পসমূহের ক্ষেত্রে (অবলোপনকৃত ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালার সকল শর্ত পূরণ সাপেক্ষে);

খ) ঋণের জামানত, সহজামানত, প্রকল্প সম্পত্তি এবং প্রকল্প উদ্যোক্তাগণের ব্যক্তিগত সম্পদ বিক্রয় হতেও তহবিল ব্যয় আদায় করা সম্ভবপর না হলে;

গ) পাওনা আদায়ের লক্ষ্যে আইনগত ব্যবস্থাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরও পাওনা আদায় করা না গেলে;

ঘ) অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৪৭(১) ধারা অনুযায়ী কোন ঋণ গ্রহীতার উপর দায় এমনভাবে আরোপ করা যাবে না, যাতে আদালতে উত্থাপিত সমুদয় দাবী আসল ঋণ অপেক্ষা ২০০%(১০০+২০০=৩০০ টাকা) এর অধিক হয়। যে সকল ঋণের ক্ষেত্রে ইতোমধ্যে আসলের ০৩(তিন) গুণ আদায় হয়েছে কিন্তু তারপরও ঋণ স্থিতি রয়েছে এমন ঋণের ক্ষেত্রে; এবং

ঙ) Distressed Case অর্থাৎ ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা দুর্দশাজনিত কারণে ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা যৌক্তিক কারণে ঋণ পরিশোধে অপারগ হলে;

১.৬) ১.৫ নং অনুচ্ছেদ এ বর্ণিত ক্ষেত্রসমূহসহ অন্যান্য অপরিহার্য ক্ষেত্রে তহবিল ব্যয় (Cost of Fund) আদায়ের শর্ত শিথিল করার যৌক্তিকতা নিশ্চিতকরণে ব্যাংকের সংশ্লিষ্ট নিরীক্ষা কার্যালয় কর্তৃক নিরীক্ষা করত হেড অব ইন্টারনাল কন্ট্রোল অ্যান্ড কমপ্লায়েন্স (এইচআইসিসি) এর মতামত গ্রহণ করতে হবে;

১.৭) যে সকল ঋণের ক্ষেত্রে আর্থিক বিবরণী (Financial Statements) প্রণয়নের আবশ্যকতা রয়েছে, সে সকল ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে আবশ্যিকভাবে ঋণগ্রহীতার বিগত ০৩(তিন) বছরের আর্থিক বিবরণী পর্যালোচনা করতে হবে। আর্থিক বিবরণী পর্যালোচনায় বিবেচনাধীন সময়ের সামষ্টিক কর পরবর্তী নিট মুনাফা অথবা সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী Owner's Equity ইতিবাচক পরিলক্ষিত হলে সুদ মওকুফ করা যাবে না;

১.৮) সুদ মওকুফ করা হলে ব্যাংকের নিজস্ব আর্থিক অবস্থার উপর কিরূপ প্রভাব পড়বে তা পর্যালোচনা করতে হবে। সে লক্ষ্যে ব্যাংকের নিজস্ব মূলধন পর্যাপ্ততা, Profitability সহ অন্যান্য গুরুত্বপূর্ণ আর্থিক সূচক বিবেচনায় নিয়ে অধিক মাত্রায় Due Diligence প্রয়োগ করতে হবে;

১.৯) অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক এবং তার পরিবারের সদস্যবর্গ বা পরিচালক স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে; এবং

চলমান পাতা-০২

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

**১.১০) পার্সোনাল ঋণ, আমানতের বিপরীতে গৃহীত ঋণ ও চা ঋণ ব্যতীত সকল ধরণের ঋণের (অবলোপনকৃত ঋণসহ) সুদ মওকুফের ক্ষেত্রে আলোচ্য নীতিমালা কার্যকর হবে এবং অবলোপনকৃত ঋণ আদায়ের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার ০৪/২০২৪ এর নির্দেশনা অনুসরণীয় হবে।**

**২। সুদ মওকুফ সুপারিশ/অনুমোদনের ক্ষমতাঃ-**

| ক্রম নং | সুপারিশ কমিটি/অনুমোদনকারী কর্তৃপক্ষ | অনুমোদনের ক্ষমতা |
|---|---|---|
| ২.১ | শাখা সুদ মওকুফ সুপারিশ কমিটিঃ<br>শাখা ব্যবস্থাপক ঃ সভাপতি<br>২য় কর্মকর্তা ঃ সদস্য<br>সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা/কর্মচারী ঃ সদস্য সচিব | শাখার যেকোনো ঋণের সুদ মওকুফ প্রস্তাব উক্ত কমিটি সুপারিশ করে সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। |
| ২.২ | কর্পোরেট শাখা সুদ মওকুফ কমিটিঃ<br>উপমহাব্যবস্থাপক সভাপতি<br>সহকারী মহাব্যবস্থাপক ঃ সদস্য<br>লোন ইনচার্জ ঃ সদস্য<br>সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা/কর্মচারী ঃ সদস্য সচিব | ২.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ও অ-কৃষি ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| ২.৩ | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক সুদ মওকুফ কমিটিঃ<br>মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ঃ সভাপতি<br>আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ঃ সদস্য<br>অঞ্চলের প্রধান শাখা ব্যবস্থাপক ঃ সদস্য<br>মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সদস্য<br>সহকারী মহাব্যবস্থাপক ঃ সচিব | ক) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ঋণে দ্বিগুণের আওতায় (আসল+আসলের সমপরিমাণ সুদ+অন্যান্য) অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা।<br>খ) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ও অ-কৃষি ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| ২.৪ | স্থানীয় মুখ্য কার্যালয় সুদ মওকুফ কমিটিঃ<br>মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ঃ সভাপতি<br>ঋণ ও অগ্রিম সেকশনের ঃ সদস্য<br>দায়িত্বপ্রাপ্ত উপমহাব্যবস্থাপক<br>সহকারী মহাব্যবস্থাপক , নিরীক্ষা ঃ সদস্য<br>বিভাগ, প্রকা, ঢাকা<br>সহকারী মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য ঃ সদস্য<br>কার্যালয় (ঋণ বিভাগ) সচিব | ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ও অ-কৃষি ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| ২.৫ | বিভাগীয় সুদ মওকুফ কমিটিঃ<br>বিভাগীয় মহাব্যবস্থাপক ঃ সভাপতি<br>বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ঃ সদস্য<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (বিভাগীয় ঃ সদস্য<br>সদর)<br>উপমহাব্যবস্থাপক(পরিচালন) ঃ সদস্য<br>বিভাগীয় কার যালয়<br>সহকারী মহাব্যবস্থাপক ঃ সদস্য<br>(পরিচালন), বিভাগীয় কার্যালয় সচিব | ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত কৃষি ও অ-কৃষি ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |

চলমান পাতা-০৩

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

| ক্রম নং | সুপারিশ কমিটি/অনুমোদনকারী কর্তৃপক্ষ | অনুমোদনের ক্ষমতা |
|---|---|---|
| ২.৬ | উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় (ঋণ আদায় মহাবিভাগের দায়িত্বপ্রাপ্ত) | ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ৮.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| ২.৭ | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় | ৮.০০ লক্ষ টাকার উর্ধ্বে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণ সম্বলিত ঋণের Cost of Fund আবৃত করে এবং আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| ২.৮ | পরিচালনা পর্ষদ | ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে মূল ঋণ সম্বলিত ঋণের Cost of Fund আবৃত করে ও আয় খাত ডেবিট না করে এবং যেকোনো অংকের ঋণের Cost of Fund শিথিল করে ও আয় খাত ডেবিট না করে অনাদায়ী স্থগিত সুদ (৫২ খাতে) ও অনারোপিত সুদের ১০০% পর্যন্ত মওকুফ ক্ষমতা। |
| **** মাঠ পর্যায়ে গঠিত কমিটির সকল সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। তবে, কোনো সদস্যের অনুপস্থিতিতে সভাপতি মহোদয় উপযুক্ত কোনো কর্মকর্তাকে সদস্যভুক্ত করে সভা আয়োজন করতে পারবেন। **** | | |

**৩। প্রধান কার্যালয়ের সুদ মওকুফ ও ঋণ অবলোপন সুপারিশ কমিটি:**

উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও পরিচালনা পর্ষদের ক্ষমতার আওতাধীন সুদ মওকুফ, এক্সিট, অবলোপন এবং রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহের অবসায়ন সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনা ও যাচাই বাছাই পূর্বক মতামত/সুপারিশ প্রদানের জন্য প্রধান কার্যালয়ে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলোঃ

**প্রধান কার্যালয় সুদ মওকুফ ও ঋণ অবলোপন সুপারিশ কমিটি:**

| ক্রম নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | ঋণ আদায় বিভাগ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ০২ | ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালক | সদস্য |
| ০৩ | মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ | সদস্য |
| ০৪ | মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ | সদস্য |
| ০৫ | মহাব্যবস্থাপক, ঋণ আদায় মহাবিভাগ | সদস্য |
| ০৬ | প্রধান আর্থিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ০৭ | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ | সদস্য |
| ০৮ | উপমহাব্যবস্থাপক, ঋণ শ্রেণীবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ | সদস্য |
| ০৯ | উপমহাব্যবস্থাপক, আইন বিভাগ | সদস্য |
| ১০ | উপমহাব্যবস্থাপক ঋণ আদায় বিভাগ | সদস্য সচিব |

**স্থানীয় মুখ্য কার্যালয়ের প্রস্তাবনা/কার্যপত্র কমিটিতে উপস্থাপন করা হলে সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক সভায় উপস্থিত থাকবেন।

**কমিটির কার্যপরিধি ও দায়িত্ব**

কার্যপরিধিঃ

ক) পরিচালনা পর্ষদে উপস্থাপনযোগ্য সকল ধরনের সুদ মওকুফ, এক্সিট, অবলোপন এবং রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহের অবসায়ন সংক্রান্ত প্রস্তাবসমূহ উক্ত কমিটিতে উপস্থাপিত হবে;

খ) উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারাধীন সকল ধরনের সুদ মওকুফ ও এক্সিট প্রস্তাবসমূহ উক্ত কমিটিতে উপস্থাপিত হবে;

গ) কমিটি সাধারণত প্রতি সপ্তাহে বা পাক্ষিক ভিত্তিতে সভা আয়োজন করবে। তবে, প্রয়োজনে সপ্তাহে একাধিক বার সভা আহ্বান করা যাবে;

ঘ) সভাপতি মহোদয়সহ ০৬(ছয়) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে; এবং

ঙ) সভাপতি মহোদয়ের অবর্তমানে/অনুপস্থিতিতে পরবর্তী জ্যেষ্ঠ নির্বাহী সুদ মওকুফ ও ঋণ অবলোপন সুপারিশ কমিটির সভায় সভাপতিত্ব করবেন।

দায়িত্বঃ

ঋণের সুদ মওকুফ/এক্সিট এবং অবলোপন এর বিষয়ে মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিদ্যমান নীতিমালাসমূহ, ব্যাংকের নিজস্ব নীতিমালা ও ম্যানুয়েল এবং ভবিষ্যতে জারীতব্য নির্দেশনাসহ এ সংক্রান্ত সকল নিয়মাচার উক্ত কমিটি কর্তৃক পরিপালনীয়। উক্ত কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাবসমূহ সুদ মওকুফ, এক্সিট, অবলোপন এবং রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহের অবসায়নের নিমিত্ত পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক মহোদয়/উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে এবং নাকচকৃত প্রস্তাবসমূহ সংশ্লিষ্ট কার্যালয়কে অবহিত করে প্রস্তাবসমূহের তথ্য সংরক্ষণ করতে হবে।

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

**৪ । সুদ মওকুফের আবেদনকারী ব্যক্তিগণঃ**

৪.১) ঋণগ্রহীতা

৪.২) ঋণগ্রহীতার উত্তরাধিকারী এবং উত্তরাধিকারীগণ (ঋণ গ্রহীতা মৃত হলে);

৪.৩) ঋণের জামিনদার এবং জামিনদারের উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণ (জামিনদার মৃত হলে);

৪.৪) বন্ধকদাতা এবং বন্ধকদাতার উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণ (বন্ধকদাতা মৃত হলে);

৪.৫) ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতার অনুপস্থিতিতে আইনানুগভাবে ব্যবসা প্রতিষ্ঠানের মালিকানা প্রাপ্ত ব্যক্তিবর্গ;

৪.৬) নদী ভাঙ্গন ও অন্যান্য কারণে ঠিকানা পরিবর্তন করে নিরুদ্দেশ খাতকের ক্ষেত্রে জামিনদাতা/উত্তরাধিকারী/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ; এবং

৪.৭) গ্রেফতারকৃত, জেল হাজতে রয়েছে এবং গ্রেফতারী পরোয়ানা বলবৎ রয়েছে এরূপ ঋণগ্রহীতার সুদ মওকুফের আবেদন গ্রহণ করা যাবে না। তবে জামিন পাওয়া সাপেক্ষে আবেদন গ্রহণ করা যাবে। বিশেষ ক্ষেত্রে গ্রেফতারকৃত, জেল হাজতে থাকা অবস্থায় এবং গ্রেফতারী পরোয়ানা বলবৎ থাকা অবস্থায় যথাযথ যৌক্তিক কারণে ঋণগ্রহীতার পরিবারভূক্ত সদস্যের আবেদন গ্রহণযোগ্য।

**৫। ডাউনপেমেন্টঃ**

সুদ মওকুফ সুবিধা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত হারে ডাউনপেমেন্ট জমা করতে হবেঃ

| ক্রম নং | আবেদনের তারিখে অনাদায়ী লেজার স্থিতি/অবলোপনকৃত ঋণ স্থিতি | প্রয়োজনীয় ডাউনপেমেন্টের হার |
|---|---|---|
| ৫.১ | ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত | ৫% |
| ৫.২ | ১০.০০ (দশ) লক্ষ টাকার উর্ধ্বে ১.০০ কোটি টাকা পর্যন্ত | ৪% (তবে ৫০,০০০/- টাকার কম নয়) |
| ৫.৩ | ১.০০ কোটি টাকার উর্ধ্বে | ৩% (তবে ৪,০০,০০০/- টাকার কম নয়) |

**উল্লেখ্য, সুদ মওকুফ আবেদনের তারিখ হতে অব্যবহিত পূর্ববর্তী ৬০ দিনের মধ্যে আদায়কৃত/জমাকৃত অর্থ ডাউনপেমেন্ট হিসেবে গণ্য করা যাবে।**

**৬। সুদ মওকুফ বিবেচনার জন্য বিবেচ্য বিষয়াদিঃ**

৬.১) ঋণগ্রহীতা মৃত্যুবরণ করলে এবং তার কোনো উত্তরাধিকারী না থাকলে বা উত্তরাধিকারী থাকলেও তাঁরা ঋণ পরিশোধে সক্ষমতা সম্পন্ন বা উপার্জনক্ষম না হলে বা অন্য কোন সম্পদ না থাকা;

৬.২) ঋণগ্রহীতা বয়সভারে/অসুস্থতাজনিত কারণে কর্মক্ষমতা হারিয়ে ফেলায় ব্যবসা না থাকা এবং পরিবারে উপার্জনক্ষম কোন ব্যক্তি এবং অন্য কোন সহায় সম্পদ না থাকা;

৬.৩) নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন কারণে ব্যবসা ক্ষতিগ্রস্ত হওয়া;

৬.৪) বন্ধকী/প্রকল্প সম্পত্তি কিংবা ব্যবসা প্রতিষ্ঠান নদী ভাংগনে বিলীন হলে;

৬.৫) বিভিন্ন ধরণের প্রাকৃতিক দূর্যোগ, মড়ক বা দূর্দশাজনিত কারণে ব্যবসা ক্ষতিগ্রস্ত হওয়া এবং ঋণে স্থাপিত যন্ত্রপাতি অকেঁজো বা মেরামতের অযোগ্য হলে;

৬.৬) কৃষি ভিত্তিক প্রকল্পে (পোল্ট্রি, ডেইরী মৎস্য ইত্যাদি) মুরগীর মড়ক যেমনঃ- বার্ড ফ্লু, রাণীক্ষেত, নিম্নমানের বাচ্চার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত হওয়া, ডিমের মূল্য কমে যাওয়া ইত্যাদি; মাছের মড়ক ও বন্যায় মাছ ভেসে যাওয়া; ডেইরী খামারের উৎপাদন কমে যাওয়া ও গাভীর মৃত্যু ইত্যাদি কারণে প্রকল্প/খামার ক্ষতিগ্রস্ত হলে;

৬.৭) সহায়ক জামানতবিহীন ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতার/জামিনদাতার স্থাবর সম্পত্তি না পাওয়ার কারণে আইনগত ব্যবস্থার মাধ্যমে বকেয়া আদায় অনিশ্চিত হয়ে পড়লে; এবং

৬.৮) সরকারি নীতিমালার আওতায় গ্রাহকের প্রকল্প রুগ্ন শিল্প হিসেবে চিহ্নিত হলে।

**৭। সুদ মওকুফ প্রস্তাব পুনঃবিবেচনার অনুমোদন ক্ষমতাঃ**

একাধিকবার সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা/প্রেরণ নিরুৎসাহিত করতে হবে। তবে যথাযথ কারণ উল্লেখপূর্বক যৌক্তিকতা বিবেচনায় অনুমোদনকারী কর্তৃপক্ষ সুদ মওকুফ পুনঃবিবেচনার প্রস্তাব অনুমোদন করতে পারবেন।

**৮। মওকুফোত্তর পাওনা পরিশোধের সময়সীমাঃ**

৮.১) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুদ মওকুফ অনুমোদনের ক্ষেত্রে মওকুফ পরবর্তী আদায়যোগ্য টাকা (সুদবিহীনভাবে) শাখা কর্তৃক গ্রাহককে অবহিতকরণ পত্র জারীর তারিখ হতে ১৮০ দিনের মধ্যে এককালীন বা সমান মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে; এবং

৮.২) মওকুফোত্তর পাওনা পরিশোধকালীন সময়ে ঋণের শ্রেণিমানের কোনরূপ পরিবর্তন হবে না অর্থাৎ খেলাপী ঋণগ্রহীতাগণ যথানিয়মে খেলাপী ঋণগ্রহীতা হিসেবে চিহ্নিত হবেন।

চলমান পাতা-০৫

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

**৯। বিলম্বকালীন সুদ মওকুফ/মওকুফোত্তর পাওনা পরিশোধের সময়সীমা বর্ধিতকরণঃ**

৯.১) বিলম্বকালীন সুদ কোনোভাবেই মওকুফযোগ্য নয়। যৌক্তিক কারণে কোন ঋণগ্রহীতা সুদ মওকুফোত্তর পরিশোধযোগ্য পাওনা মওকুফ সিদ্ধান্ত অনুযায়ী দেয় তারিখের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে এবং পরবর্তী সময়ে আদায়যোগ্য পাওনাসহ ব্যাংকের প্রচলিত হারে বিলম্বকালীন সুদ সম্পূর্ণ পরিশোধ করে মওকুফের সময়সীমা বর্ধিতকরণের আবেদন দাখিল করলে এবং আবেদন যুক্তিযুক্ত বিবেচিত হলে সুদ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ বর্ধিত সময়ের অনুমোদন দিতে পারবেন;

৯.২) সুদ মওকুফ সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট ঋণ হিসাবের সুদ মওকুফোত্তর আদায়যোগ্য পাওনা/পাওনার কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ হতে বিলম্বে পরিশোধের তারিখ পর্যন্ত সময়কালের জন্য দৈনিক প্রডাক্টের ভিত্তিতে ব্যাংকের প্রচলিত সুদের হার অনুযায়ী সরল হারে সুদ আরোপ করতে হবে; এবং

৯.৩) মওকুফোত্তর আদায়যোগ্য পাওনা নির্ধারিত সময়সীমার পর সর্বোচ্চ ০৩(তিন) বছর পর্যন্ত বিলম্বকালীন সুদসহ পরিশোধ করা যাবে।

**১০। কস্ট অব ফান্ড হিসাবায়নঃ**

১০.১) ঋণ বিতরণের তারিখ হতে DF পর্যন্ত সাধারণ সুদ হার প্রযোজ্য হবে;

১০.২) ঋণের শ্রেণিমান BL হতে প্রস্তাব প্রেরণের মাসের শেষ তারিখ পর্যন্ত সময়কালের জন্য Cost of Fund হার প্রযোজ্য হবে;

১০.৩) Cost of Fund সরল সুদ হারে নির্ণয় করতে হবে;

ফর্মুলাঃ- $\dfrac{\text{মোট দৈনিক প্রডাক্ট} \times \text{Cost of Fund এর হার}}{৩৬০\times১০০}$

অর্থাৎ, Cost of Fund = (DF পর্যন্ত আরোপিত সুদ + Cost of Fund হারে নির্ণীত সুদ)

**(Cost of Fund বলতে যে সময়ের/বছরের সুদ মওকুফ করা হবে সে সময়ের/বছরের ৩০ জুন ভিত্তিক তহবিল ব্যয় বুঝাবে)**

১০.৪) মোট দৈনিক প্রডাক্ট নির্ণয়ঃ-

BL হওয়ার তারিখে ঋণ স্থিতিকে মূলঋণ হিসেবে গণ্য করতে হবে। পরবর্তী সময়ে উত্তোলন, মামলা বা অন্যান্য খরচ (যেমন গোডাউন কিপারের বেতন, গুদাম ভাড়া, বীমা খরচ, আবগারি শুল্ক, নোটিশ ফি ইত্যাদি) বিকলন এবং বিভিন্ন তারিখে আদায়ের ভিত্তিতে পৃথকভাবে একটি শ্যাডো হিসাব বিবরণী তৈরি করে প্রস্তুতকৃত শ্যাডো বিবরণী অনুযায়ী দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে মোট দৈনিক প্রো ডাক্ট নির্ণয় করতে হবে।

১০.৫) কার্যকরী সুদের হারঃ- $\dfrac{৩৬০\times১০০\times(\text{আদায়কৃত + আদায়যোগ্য সুদ})}{\text{মোট দৈনিক প্রডাক্ট}}$

১০.৬) সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের মাসের শেষ তারিখ পর্যন্ত অনারোপিত সুদ ও কস্ট অব ফান্ড হিসাবায়ন করতে হবে।

**১১। সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাসমূহঃ**

১১.১) প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণগ্রহীতার ক্ষতিগ্রস্ততা বিবেচনায় নিয়ে ও সরেজমিনে তদন্তপূর্বক ঋণ পরিশোধের সামর্থ্যের বিষয়ে নিশ্চিত হয়ে Case to Case যথার্থতার (Merit) ভিত্তিতে সুদ মওকুফের সুপারিশ করতে হবে;

১১.২) ঋণগ্রহীতা/যোগ্য আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায়ের তদন্তে আর্থিক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি সুস্পষ্ট ও সন্দেহাতীতভাবে যৌক্তিক বিবেচিত হলে আবেদনপত্র প্রাপ্তির অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুপারিশসহ সুদ মওকুফের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে শাখাসমূহ আবেদন প্রাপ্তির অনধিক ১০ (দশ) দিনের মধ্যে আবশ্যিকভাবে সুদ মওকুফ প্রস্তাব সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়ে ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ অনধিক ১০ (দশ) দিনের মধ্যে বিভাগীয় কার্যালয়ে এবং বিভাগীয় কার্যালয় অনধিক ১০ (দশ) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবেন;

১১.৩) সুদ মওকুফের প্রক্রিয়াকরণের সময় বন্ধকী সম্পত্তির বর্তমান বাজার মূল্য যাচাইপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে;

১১.৪) ঋণগ্রহীতা কর্তৃক ব্যাংকের বিরুদ্ধে কোনো মামলা/রীট করা থাকলে তা প্রত্যাহার/খারিজ অন্তে সুদ মওকুফ আবেদন বিবেচনা করতে হবে;

১১.৫) মামলা দায়েরকৃত কোনো ঋণ হিসাবের মওকুফোত্তর পাওনা পরিশোধের সময়সীমার মধ্যে সোলেনামার মাধ্যমে মামলার কার্যক্রম স্থগিত রাখা যাবে এবং আদায়সহ হিসাব বন্ধ হলে শাখা কর্তৃক তাৎক্ষণিকভাবে মামলা নিষ্পত্তি/প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১১.৬) ডিএমডি পরিপত্র নং ০৭/২০০৩ তারিখ ২৮/০৬/২০০৩ মোতাবেক আইন বিভাগ কর্তৃক জারীকৃত নীতিমালা অনুযায়ী অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ধারা-২২ অনুযায়ী মধ্যস্থতা সভার সিদ্ধান্ত অনুসারে মামলাকৃত কোনো ঋণ হিসাবে দাবীকৃত সম্পূর্ণ টাকা বা দাবীর কম টাকা আদায় হলে ঋণের অবশিষ্ট স্থিতি অবসায়ন/সুদ মওকুফের নিমিত্ত পর্ষদ সভার অনুমোদন/অবহিতকরণের লক্ষ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

চলমান পাতা-০৬

**বিষয়ঃ** **সুদ মওকুফ নীতিমালা ।**

১১.৭) সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণকে পরবর্তীতে পুনরায় ঋণ প্রদান করা যাবে না। তবে, বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত খাত ও উপখাতসমূহের আওতায় বিদ্যমান নর্মস এর নির্ধারিত সীমায় গৃহীত কৃষি ঋণ এবং ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত মূলঋণ সম্বলিত সিএমএসএমই ঋণের সুদ মওকুফোত্তর পাওনা পরিশোধের ১ বছর পর ও বিদ্যমান নীতিমালাসমূহের Due Diligence পরিপালন সাপেক্ষে পুনরায় ঋণ প্রদান করা যাবে;

১১.৮) শাখা/কর্পোরেট শাখা সমূহ তাঁত ঋণসহ সকল মাইক্রোক্রেডিট ও কৃষি ঋণের জন্য একটি সুদ মওকুফ রেজিস্টার এবং অ-কৃষি ঋণের জন্য পৃথক রেজিস্টার সংরক্ষণ করবেন। নিয়ন্ত্রণকারী কার্যালয় ও অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকালে সুদ মওকুফের রেজিস্টার ও মওকুফকৃত ঋণসমূহের আদায় অগ্রগতি এবং দ্বিগুণের আওতায় হিসাব বন্ধের কার্যক্রম তদারকি করবেন;

১১.৯) সুদ মওকুফকৃত ঋণ হিসাবের বিপরীতে মওকুফোত্তর আদায়যোগ্য পাওনা পরিশোধের নির্ধারিত তারিখের মধ্যে কিস্তি অনুযায়ী আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। মওকুফের শর্তানুযায়ী ঋণগ্রহীতা পাওনা পরিশোধে ব্যর্থ হলে কিংবা অনীহা প্রকাশ করলে জরুরী ভিত্তিতে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতদবিষয়ে কোনোরূপ গাফিলতি পরিলক্ষিত হলে সুদ মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়ন সংশ্লিষ্ট স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ দায়ী থাকবেন;

১১.১০) মওকুফযোগ্য সুদ পৃথক ব্লকড হিসাবে স্থানান্তর করতে হবে এবং সম্পূর্ণ ঋণ পরিশোধ/সমন্বয়ের পর ব্লকড হিসাবে রক্ষিত সুদ চূড়ান্ত মওকুফ হিসেবে গণ্য হবে;

১১.১১) ঋণের বিপরীতে যথানিয়মে প্রভিশন সংরক্ষণ করতে হবে এবং ঋণ সমন্বয়ের পূর্বে ঋণের বিপরীতে গৃহীত জামানত অবমুক্ত করা যাবে না। তবে, ব্যাংক, গ্রাহক ও ক্রেতা আগ্রহী হলে ত্রিপক্ষীয় চুক্তির মাধ্যমে আলোচ্য ঋণের বিপরীতে বন্ধকীকৃত সম্পত্তি বিক্রির মাধ্যমে ঋণ সমন্বয় করা যাবে;

১১.১২) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারায় সনদপ্রাপ্ত সহায়ক জামানত বিশিষ্ট ঋণের সুদ মওকুফ উপস্থাপনের ক্ষেত্রে ৩৩(৫) ধারায় সনদ প্রাপ্তির তারিখ উল্লেখসহ ৩৩(৭) ধারায় সনদ প্রাপ্তির লক্ষ্যে শাখা কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং ৩৩(৫) ধারায় সনদ প্রাপ্তির ৬(ছয়) বছরের মধ্যে ৩৩(৭) ধারায় সনদ না পাওয়ার যথাযথ কারন উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করতে হবে;

১১.১৩) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারায় ব্যাংকের মালিকানা প্রাপ্ত সম্পত্তির ঋণের সুদ মওকুফ করা যাবে না। তবে, ৩৩(৭) ধারায় ব্যাংকের মালিকানা প্রাপ্ত সম্পত্তির অস্তিত্ব না থাকলে, সম্পত্তির মূল্য ব্যাংকের পাওনার তুলনায় কম হলে এবং বাস্তবসম্মত কারণে সম্পত্তির নামজারী/বিক্রি/দখল নেয়া সম্ভব না হলে যথাযথ কারন উল্লেখপূর্বক প্রধান কার্যালয়ের আইন বিভাগ ও এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর মতামত গ্রহণ সাপেক্ষে সুদ মওকুফ প্রস্তাব উপস্থাপন করা যাবে এবং এক্ষেত্রে সুদ মওকুফের ক্ষমতা শুধুমাত্র পরিচালনা পর্ষদের এখতিয়ারাধীন থাকবে;

১১.১৪) বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৬৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের পূর্বে Distressed Case (অর্থাৎ ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা দুর্দশাজনিত কারণ) ব্যতীত ঋণসমূহের ক্ষেত্রে মাঠ কার্যালয় কর্তৃক নিলামের (মামলা ব্যতিরেকে) ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

১১.১৫) সুদ মওকুফ নীতিমালার আওতায় মওকুফকৃত সুদের শাখা পর্যায়ে হিসাবায়নের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রকা, ঢাকা'র ২১.০৫.২০১৯ তারিখের পত্র নং ৯১৭ এর মাধ্যমে প্রণীত পদ্ধতি অনুসরণ করতে হবে।

**১২। সুদ মওকুফের কার্যাবলী প্রক্রিয়াকরণের দায়িত্বপ্রাপ্ত প্রধান কার্যালয়ের বিভাগসমূহঃ**

১২.১) **স্থানীয় মুখ্য কার্যালয়ঃ-** সংশ্লিষ্ট কার্যালয়ের ১(এক) কোটি টাকা পর্যন্ত মূল ঋণের মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ। ১(এক) কোটি টাকার উর্ধ্ব ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে;

১২.২) **ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগঃ-** সকল প্রকার প্রকল্প ঋণ এবং প্রকল্পসহ চলতি মূলধন ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ;

১২.৩) **আন্তর্জাতিক বাণিজ্য বিভাগঃ-** আমদানি/রপ্তানি ব্যবসা সংশ্লিষ্ট সকল ধরণের ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ; এবং

১২.৪) **ঋণ আদায় বিভাগঃ-** নগদ পুঁজি/চলতি মূলধন এবং কৃষি ঋণসহ অন্যান্য মেয়াদী/স্বল্প মেয়াদী ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণ এবং সুদ মওকুফ নীতিমালা প্রণয়ন কার্যক্রম সম্পাদন।

চলমান পাতা-০৭

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

**১৩। মাঠ পর্যায়ে সুদ মওকুফ অনুমোদনকারী কমিটি কর্তৃক সুদ মওকুফ সিদ্ধান্তের কার্যোত্তর অনুমোদন গ্রহণঃ**

১৩.১) মাঠ পর্যায়ে সুদ মওকুফ কমিটি কর্তৃক মওকুফকৃত সুদ মওকুফ বিবরণী "পরিশিষ্ট গ" অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ করতে হবে। মাঠ কার্যালয় হতে মওকুফকৃত সুদ মওকুফের অবস্থার প্রতিবেদন প্রধান কার্যালয়ের সুদ মওকুফ যাচাই কমিটি কর্তৃক যাচাই করে পর্ষদকে অবহিত করতে হবে;

১৩.২) **প্রধান কার্যালয়ের সুদ মওকুফ যাচাই কমিটিঃ**

| ক্রম নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | উপমহাব্যবস্থাপক<br>ঋণ আদায় বিভাগ | সভাপতি |
| ০২ | সহকারী মহাব্যবস্থাপক<br>নিরীক্ষা বিভাগ | সদস্য |
| ০৩ | সহকারী মহাব্যবস্থাপক<br>কেন্দ্রীয় হিসাব বিভাগ | সদস্য |
| ০৪ | সহকারী মহাব্যবস্থাপক<br>ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ | সদস্য |
| ০৫ | সহকারী মহাব্যবস্থাপক<br>ঋণ আদায় বিভাগ | সদস্য সচিব |

১৩.৩) উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক মওকুফকৃত সুদ মওকুফ প্রতিবেদন প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক মাসিক ভিত্তিতে পর্ষদকে অবহিত করতে হবে;

**১৪। সুদ মওকুফ প্রস্তাবের চেক লিস্টঃ**

১৪.১) পরিশিষ্ট-ক (কৃষি ঋণের জন্য) ও পরিশিষ্ট-খ (অ-কৃষি ঋণের জন্য) সকল কলামে চাহিত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ করে স্বাক্ষরিত কপি;

১৪.২) শাখা ব্যবস্থাপক কর্তৃক সুদ মওকুফের আবেদন গৃহীত ও আবেদনকারীর স্বাক্ষর সত্যায়িত কপি;

১৪.৩) কস্ট অব ফান্ড ও অনারোপিত সুদের হিসাবায়ন বিবরণীর স্বাক্ষরিত কপি;

১৪.৪) ঋণ হিসাবের ব্যাংক স্ট্যাটমেন্ট, অনলাইন পূর্ববর্তী লেনদেন থাকলে শ্যাডো লেজার বিবরণী ও ৫২ স্থগিত সুদ বিবরণীর সত্যায়িত কপি;

১৪.৫) শাখা কর্তৃক সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরণের সময় ঋণ হিসাব সংক্রান্ত সকল হিসাবায়ন সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তা যাচাই করে হিসাবায়নের সঠিকতার বিষয়ে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

১৪.৬) Cost of Fund শিথিল করে প্রস্তাব প্রক্রিয়াকরণের ক্ষেত্রে হিসাবায়নের সঠিকতা যাচাইয়ের পাশাপাশি Cost of Fund শিথিলের যৌক্তিক কারণ উল্লেখপূর্বক নিরীক্ষা কর্মকর্তার সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করতে হবে (পরিশিষ্ট ঘ);

১৪.৭) সুদ মওকুফোত্তর পাওনা পরিশোধে সম্মতিসহ উদ্যোক্তার ঘোষণাপত্র (শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রতি স্বাক্ষরিত);

১৪.৮) ঋণের বিপরীতে কোনো নিরীক্ষা আপত্তি (অভ্যন্তরীণ, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক নিরীক্ষা) আছে কিনা, ঋণগ্রহীতার ক্ষতিগ্রস্ততার বিষয়ে ব্যবস্থাপক কর্তৃক সরেজমিন তদন্তপূর্বক প্রত্যয়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে দুদক মামলার বিষয়ে প্রত্যয়ন পত্র;

১৪.৯) মৃত ঋণগ্রহীতার মৃত্যুসনদ ও ওয়ারিশান সার্টিফিকেটের কপি ব্যবস্থাপক কর্তৃক সত্যায়ন করে এবং ওয়ারিশগণের আর্থিক অবস্থার বিষয়ে ব্যবস্থাপকের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে;

১৪.১০) বন্ধকী সম্পত্তি নদী গর্ভে বিলীন হলে সুদ মওকুফ প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) অথবা পৌরসভা/উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস থেকে সংগৃহীত গ্রহণযোগ্য সার্টিফিকেট (নদী গর্ভে বিলীনকৃত জমির মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখসহ) এবং শাখা ব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক এতদসংক্রান্ত প্রত্যয়নপত্র প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে;

১৪.১১) কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্পের (মৎস্য ও প্রাণিসম্পদ ইত্যাদি) সুদ মওকুফের যৌক্তিকতা হিসেবে মড়ক/রোগবালাই/প্রাকৃতিক দুর্যোগ/নিয়ন্ত্রণ বহির্ভূত অন্যান্য কারণে প্রকল্প/ব্যবসা ক্ষতিগ্রস্ত হলে এ বিষয়ে শাখা ব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্ত প্রতিবেদন, ঋণগ্রহীতার সংশ্লিষ্ট এলাকার স্থানীয় সরকার প্রতিনিধির প্রত্যয়ন এবং সরকারের সংশ্লিষ্ট দপ্তরের (উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/মৎস্য কর্মকর্তা/Technilcal Person)প্রত্যয়ন প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে ; এবং

১৪.১২) সরকারি কোনো অধিদপ্তর হতে ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাকে কোন প্রকার ভর্তুকি/প্রণোদনা প্রদান করা হয়েছে কিনা তা যাচাই করতে হবে এবং সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক এতদসংক্রান্ত প্রত্যয়নপত্র সত্যায়িত প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

**বিষয়ঃ সুদ মওকুফ নীতিমালা ।**

১৫। উক্ত পরিপত্র জারির তারিখ হতে ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০২/২০১৮, তারিখ ০৬/০৮/২০১৮ ও এতদসংক্রান্ত স্পষ্টীকরণ সার্কুলারসমূহ বাতিল বলে গণ্য হবে। তবে, উক্ত সার্কুলারের আওতায় ইতোমধ্যে গৃহীত সিদ্ধান্তসমূহ কার্যকর থাকবে।

১৬। সুদ মওকুফ সংক্রান্ত উক্ত পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

03.06.2025

(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়/১(৫৯)/২০২৪-২০২৫/১০৫৪

তারিখঃ ০৩-০৬-২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৬। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বিকেবি।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিকেবি।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

03/06/2025

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক